www.xtrapapers.com

AQA

A-level

# BENGALI

Unit 2 Reading and Writing

# Insert

Text to be used when answering Section 1

Section 3 Writing Questions 3, 4, 5 and 6

www.xtrapapers.com



**Text for use with Section 1**

## মিশ্র বিবাহ

১৯৪৭ সালে ভারত ও পাকিস্তান নামে দু'টি দেশ সৃষ্টি হয়। আজকের বাংলাদেশ তখন পাকিস্তানের অংশ পূর্ব পাকিস্তান ছিলো। ব্রিটিশ শাসনের আগে এবং অব্যবহিত পরে কিছু কিছু বাঙালি বিশেষত পুরুষরা চাকরি নিয়ে ব্রিটেনে আসার সুযোগ পায়। তবে, সে সময় বেশিরভাগ লোক আসতো উচ্চশিক্ষা লাভের জন্য। এদের মধ্যে কিছু লোক ব্রিটিশ মেয়েদেরকে বিয়ে করে ব্রিটেনে স্থায়ীভাবে বসতি স্থাপন করে।

বিংশ শতাব্দীর শেষের দিকে অধিকাংশ বাঙালি ব্রিটেনে বসবাস করতে শুরু করে। তারা অনেকেই স্বামী-স্ত্রী, ছেলেমেয়ে ও পরিবার-পরিজন নিয়ে আসে। প্রথম দিকে এসব পরিবার ছেলেমেয়েদেরকে নিজস্ব ভাষা, সংস্কৃতি, রীতিনীতি ও ধর্মীয় অনুশাসনে লালনপালন করতো। এইজন্য বেশিরভাগ ছেলেমেয়েদের বিয়ে হতো নিজ ধর্মের ও নিজ দেশের ছেলেমেয়েদের সঙ্গে। মা-বাবারা তখন ভিন্ন ধর্মের ও ভিন্ন জাতির ছেলেমেয়েদের সঙ্গে বিয়ে দিতো না। অনেকেই ছেলেমেয়েদেরকে নিজের দেশে নিয়ে আত্মীয়-স্বজনের সাথে বিয়ে দিয়ে ব্রিটেনে নিয়ে আসতো। সময় আর যুগের পরিবর্তনের সাথে আজ তাদের সংখ্যা ক্রমশ হ্রাস পাচ্ছে। আজকাল অনেক বাঙালি ছেলেমেয়ে অবাঙালি বিয়ে করছে। করবেই না বা কেন! এ সব বাঙালি ছেলেমেয়েদের ব্রিটেনে জন্ম হচ্ছে। এরা বড়ো হচ্ছে এবং লেখাপড়া করে বিভিন্ন অফিস-আদালতে চাকরি করছে। ফলে বিভিন্ন জাতির ছেলেমেয়েদের সঙ্গে এদের মেলামেশার সুযোগ হচ্ছে। একে অপরকে জানছে। তাছাড়া, বড়ো হওয়ার সাথে সাথে ব্রিটেনের বহুজাতিক সংস্কৃতি, খাওয়া-দাওয়া ও পোশাক-পরিচ্ছদ ইত্যাদিও তাদের জীবনে প্রভাব ফেলছে। ফলে, তাদের চলাফেরা ও কাজকর্মে ব্রিটেনের ছেলেমেয়েদের সঙ্গে কোনো ভিন্নতা দেখা যায় না।

সে রকম হওয়ার আরেকটি প্রধান কারণ হচ্ছে ছেলেমেয়েদের ও মা-বাবাদের চিন্তাধারার দ্রুত পরিবর্তন। সেজন্য যে মা-বাবারা একসময় ভিন্ন জাতির সঙ্গে বিয়ের ঘোর বিরোধী ছিলো আজ তারা অনেকে এ ব্যাপারে সম্মতি দিয়ে বিয়ের ব্যবস্থা করে। তারা এখন মেয়ের স্বামী এবং ছেলের স্ত্রীকে খুশী মনে গ্রহণ করে নিজেদের মধ্যে পারস্পরিক সম্পর্ক গড়ে তুলছে।

বিয়ের প্রকৃত অর্থ হলো দু'জনের মধ্যে মধুর মিলন। এই মিলন সুখের হয় যদি উভয়ের মধ্যে মনের মিল, ভালো-মন্দ ও পছন্দ-অপছন্দের মিল থাকে। তবে, দু'জনের মধ্যে যে মতের কিছুটা অমিল থাকবে না তাও সত্যি নয়। এই অমিলকে উভয়ই বোঝাপড়ার মধ্যে সংশোধন করবে। বিয়ে সুন্দর থেকে আরও সুন্দর হবে দু'জনেই যদি একই ধর্ম, জাতি ও সংস্কৃতির হয়। এতে সংসারের যাবতীয় কাজকর্ম ও অনুষ্ঠানাদি সুন্দরভাবে সম্পন্ন হবে। ধর্ম, জাতি ও সংস্কৃতি সম্পর্কিত কোনো বিরোধ থাকার সম্ভাবনা থাকবে না। এছাড়া, দু'জনের মধ্যে একে অপরকে বোঝার ক্ষমতাও তৈরি হবে। এগুলো সম্ভব হবে নিজেদেরকে শিক্ষিত করে গড়ে তুললে। এভাবেই হবে দু'জনের সুন্দর জীবন ও সুন্দর পরিবার।

www.xtrapapers.com



## Section 3

নিচের যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও । **দু'টি** প্রশ্ন একই বিষয় থেকে অবশ্য লিখবে না। প্রতিটি উত্তর অন্তত ২০০ শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্য ৩০ নম্বর। **দু'টি** প্রশ্নের জন্য মোট ৬০ নম্বর।

## Literary Topics
## (সাহিত্য-বিষয়ক প্রসঙ্গ)

### Topic 1
### বাংলা উপন্যাস ও গল্প
### Bengali Fiction

**Either**

**3 (a)** তোমার পড়া একটি প্রেমের উপন্যাসের প্রধান নায়ক-নায়িকার পরিচয় দিয়ে উপন্যাসটির সংক্ষিপ্ত বিবরণ দাও। এই উপন্যাসের কোন বিষয়টি তোমার মনকে সবচেয়ে বেশী আকর্ষণ করেছে সে সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো।

**[30 marks]**

**or**

**3 (b)** ছোটো গল্প ও উপন্যাসের মধ্যে কী পার্থক্য রয়েছে? তোমার পড়া একটি ছোটো গল্পের বই-এর যে-গল্পটি তোমার সবচেয়ে ভালো লেগেছে, তার কাহিনী সংক্ষেপে আলোচনা করো।

**[30 marks]**

### Topic 2
### বাংলা কবিতা ও নাটক
### Bengali Poetry and Drama

**Either**

**4 (a)** বাঙলার বিভিন্ন কবি গ্রামীণ জীবন ও পরিবেশ নিয়ে বহু কবিতা লিখেছেন। তোমার পড়া এমন একটি কবিতার বিষয়-বস্তু সংক্ষেপে বর্ণনা করে কবি কী বলতে চেয়েছেন তা লেখো।

**[30 marks]**

**or**

**4 (b)** আজকাল দেখা যায় যে, বাংলাদেশে বাংলা নাটক অনেক উন্নতি ও প্রসার লাভ করেছে। তোমার দেখা বা পড়া একটি নাটকের কাহিনী সংক্ষেপে আলোচনা করো। এই নাটকের কোন চরিত্রটি তোমার কাছে সবচেয়ে প্রিয় এবং কেন ?

**[30 marks]**

www.xtrapapers.com



## Non-literary Topics
## (সাহিত্য নয়, এমন বিষয়ক প্রসঙ্গ)

### Topic 1
### বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালি
### The Emergence of Bangladesh and Bengalis in Britain

**Either**

**5 (a)** ভারতবর্ষের মুসলমানদের জন্য পাকিস্তান সৃষ্টি হয় ১৯৪৭ সালে। কিন্তু এই পাকিস্তানই আবার ভেঙ্গে সৃষ্টি হয় বাংলাদেশ ১৯৭১ সালে। বাংলাদেশ হওয়ার পেছনে কী কী কারণ ছিলো, তার সংক্ষিপ্ত আলোচনা করো।

**[30 marks]**

**or**

**5 (b)** ব্রিটেনে বসবাসকারী বাঙালি তরুণ-তরুণীরা যে-সমস্ত সমস্যার মুখোমুখি হচ্ছে সেগুলোর সংক্ষিপ্ত বিবরণ দিয়ে একটি প্রবন্ধ লেখো। তোমার লেখাটিতে সমস্যাগুলো কীভাবে সমাধান করতে পারো তা উল্লেখ করো।

**[30 marks]**

### Topic 2
### বাংলা সিনেমা ও গান
### Bengali Cinema and Music

**Either**

**6 (a)** তোমার দেখা একটি বাংলা সিনেমার কাহিনী সংক্ষেপে আলোচনা করো। সিনেমাটির পরিচালক কে এবং সিনেমাটি সম্পর্কে তোমার মতামত লেখো।

**[30 marks]**

**or**

**6 (b)** আধুনিক গান, পল্লীগীতি, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত ও পপ সঙ্গীত ইত্যাদি বিভিন্ন ধরনের বাংলা গান প্রচলিত আছে। এগুলোর যে-কোনো একটির বিষয় সম্পর্কে তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো।

**[30 marks]**

**END OF QUESTIONS**

**Copyright information**

For confidentiality purposes, from the November 2015 examination series, acknowledgements of third party copyright material will be published in a separate booklet rather than including them on the examination paper or support materials. This booklet is published after each examination series and is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team, AQA, Stag Hill House, Guildford, GU2 7XJ.

Copyright © 2017 AQA and its licensors. All rights reserved.